

হোমস্কুলিং কী?

- হোমস্কুলিং হলো যখন পিতামাতাগণ তাদের সন্তানদের সরকারি, চার্টার, অথবা প্রাইভেট স্কুলে পাঠানোর পরিবর্তে বাড়িতে পড়াশোনা করান। পিতামাতা অথবা অভিভাবকগণ তাদের সন্তানের শিক্ষার জন্য দায়বদ্ধ, এতে রয়েছে বিভিন্ন নির্দিষ্ট বিষয় অন্তর্ভুক্ত করে পাঠ্যক্রম বেছে নেয়া।
- একজন পিতামাতা বা অভিভাবককে সনদপ্রাপ্ত (সার্টিফায়েড) হবার প্রয়োজন নেই তবে অবশ্যই NYSED পার্ট 100.10 প্রবিধান অনুসরণ করতে হবে এবং প্রতি বছর NYC হোমস্কুল অফিস-এ নথিভুক্ত জমা দিতে হবে।

গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য

- NYC পাবলিক স্কুলস্-এর শিক্ষকগণ শিক্ষা-নির্দেশনা প্রদান করেন না এবং হোমস্কুল শিক্ষার্থীরা কম্পিউটার, পাঠ্যবইয়ের মতো রিসোর্স বা সংস্থান অথবা খেলাধুলা এবং পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডসমূহ সহ অধিকাংশ স্কুল-ভিত্তিক প্রোগ্রামে অংশগ্রহণের সুযোগ পায় না।
- হোমস্কুলে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেটের ডিপ্লোমা পায় না অথবা হাই স্কুল ক্রেডিট অর্জন করে না।
- শুধুমাত্র-অনলাইন স্কুলগুলো থেকে অর্জিত ডিপ্লোমা নিউ ইয়র্ক স্টেট দ্বারা স্বীকৃত নয়, তবে অনলাইন প্রোগ্রামগুলো আপনার হোমস্কুল পরিকল্পনার (IHIP) অংশ হতে পারে। এমনকি যদি একটি অনলাইন প্রোগ্রামে "accredited" (অনুমোদিত) বা "certified" (প্রত্যয়িত) -এর মতো শব্দও ব্যবহার করা হয়, তবুও আপনার শিক্ষার্থী নিউ ইয়র্ক স্টেটের ডিপ্লোমা পাবে না।
- একজন শিক্ষার্থীর যখন 17 বছর বয়সী হয় এবং 17 বছর বয়সী হবার বছরটিতে শিক্ষা বছর সম্পন্ন করেছে, সেই বছর NYS হাই স্কুল ইকুইভ্যালেন্সি বা সমমানের (GED) পরীক্ষার জন্য আবেদন করতে পারে।
- যদি আপনার সন্তানের এমন কোনও স্বাস্থ্যগত অবস্থা থাকে যা তা স্কুলে অংশগ্রহণ থেকে বিরত রাখে, তাহলে আপনি NYCDOE-এর মাধ্যমে চিকিৎসাগত পরিস্থিতিতে প্রদত্ত শিক্ষা-নির্দেশনা অথবা বাড়িতে শিক্ষা-নির্দেশনা পাবার যোগ্য হতে পারেন – আপনি তাদের সাথে hiapply@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করতে পারেন।
- যদি আপনার সন্তান বাড়িতে শিক্ষা গ্রহণ করতে এবং স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহ প্রয়োজন, তাহলে আপনাকে অবশ্যই সেই পরিষেবাগুলোর জন্য আপনার স্থানীয় কমিটি অন স্পেশাল এডুকেশন-এর (CSE) কাছে লিখিতভাবে অনুরোধ করতে হবে। পরবর্তী শিক্ষা বছরের জন্য এই অনুরোধটি অবশ্যই 1 জুনের মধ্যে পাঠাতে হবে।

পিতামাতার দায়-দায়িত্ব

- পাঠ্যক্রম নির্বাচন করুন এবং আপনার সন্তান শিক্ষা-নির্দেশনা পাচ্ছে তা নিশ্চিত করুন। আপনি বিভিন্ন টিউটর অথবা অনলাইন প্রোগ্রাম ব্যবহার করতে পারেন তবে তত্ত্বাবধান এবং সকল আবশ্যিক প্রতিবেদন বা রিপোর্ট পেশ করার জন্য দায়বদ্ধ।
- সকল শিক্ষা-নির্দেশনামূলক উপকরণ সরবরাহ করুন।
- প্রতি বছর সকল নথিপত্র জমা দিন - LOI, IHIP, ত্রৈমাসিক বা কোয়ার্টারলি রিপোর্ট, এবং বার্ষিক মূল্যায়ন।
- আপনার সন্তানের শেখার তত্ত্বাবধান করুন এবং শিক্ষা-নির্দেশনা, অগ্রগতি, মূল্যায়ন, এবং উপস্থিতির বিশদ রেকর্ড রাখুন। এছাড়াও আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে শিক্ষা-নির্দেশনার আবশ্যিক ঘন্টা পূরণ হয়েছে:
1-6 গ্রেড: 900 ঘন্টা/বছর
7-12 গ্রেড: 990 ঘন্টা/বছর

যোগাযোগ

- বিস্তারিত বিভিন্ন ধাপ, খসড়া-নমুনা, তথ্য-সংস্থান এবং পার্ট 100.10 প্রবিধান: schools.nyc.gov/home-schooling
- রেজিস্ট্রেশন এবং নথিভুক্তি বা এনরোলমেন্ট সংক্রান্ত অনুসন্ধানের জন্য: Letterofintent@schools.nyc.gov
- শিক্ষা-নির্দেশনা সংক্রান্ত অনুসন্ধানের জন্য: Homeschool@schools.nyc.gov
- 718 935 2343 নম্বরে ফোন করুন